বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রশিক্ষণ শাখা ডেস্ক-১
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৬০০.২৫.০১২.১৮.২৭

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৬
২৭ নভেম্বর ২০১৯

বিষয়: **২০১৯-২০ অর্থবছরে সমবায়ী/সুফলভোগী সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের বাজেট বিভাজন ও মডিউল প্রেরণ।**

সূত্র: হিসাব শাখার স্মারক নং-৪৭.৬২.০০০০.৬০১.৪৩১.০৭.৯২৬৬ তারিখ: ০৫/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি'র সমবায়ী/সুফলভোগী সদস্যদের ২০১৯-২০২০ অর্থবছরে প্রশিক্ষণের জন্য উপজেলা সমূহে প্রতি ব্যাচে ১৭,০০০ (সতের হাজার) টাকা হিসেবে ২টি ব্যাচের জন্য মোট ৩৪০০০ (চৌত্রিশ হাজার) টাকা সূত্র মূলে সংশ্লিষ্ট জেলা দপ্তরে প্রেরণ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ নিম্নবর্ণিত নির্দেশনা, এতদসঙ্গে প্রেরিত বাজেট বিভাজন ও মডিউল অনুসরণ পূর্বক ব্যয় করার জন্য অনুরোধ করা হলোঃ

১) **বাজেট বরাদ্দ:** সূত্র বর্ণিত স্মারকমূলে প্রেরিত অর্থ সংশ্লিষ্ট জেলা দপ্তর কর্তৃক প্রতি উপজেলায় ২টি ব্যাচ হিসেবে (১৭০০০×২)=৩৪০০০ টাকা ছাড় করতে হবে।

২) **প্রশিক্ষণের সময়ঃ** সমবায়ী/সুফলভোগীদের ১ম ব্যাচের প্রশিক্ষণ ৩১ জানুয়ারী ২০২০ তারিখের মধ্যে এবং ২য় ব্যাচের প্রশিক্ষণ ৩০ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

৩) **অনুমোদনঃ** প্রশিক্ষণ অনুষ্ঠানের পূর্বে প্রশিক্ষণের তারিখ, সময়, স্থান, প্রশিক্ষণার্থীর তালিকা (প্রয়োজনে অপেক্ষমান তালিকাসহ), প্রশিক্ষণের বিষয়, প্রশিক্ষক ও বাজেট প্রস্তাবনা জেলার উপপরিচালক কর্তৃক অনুমোদিত হতে হবে।

৪) **প্রশিক্ষণার্থী মনোনয়নঃ** প্রতি ব্যাচে ৩০ জন হিসেবে ২টি ব্যাচে মোট ৬০ জন সমবায়ী/সুফলভোগী সদস্যকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাপ্তাহিক স্টাফ মিটিংয়ে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করবেন যা স্টাফ মিটিংয়ের কার্যবিবরণীতে লিপিবদ্ধ থাকবে। প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে সক্রিয় এবং ইত:পূর্বে প্রশিক্ষণ গ্রহণ করেনি এমন সদস্যদের অগ্রাধিকার দিতে হবে। কোন প্রশিক্ষণার্থীকে কোনক্রমেই ১ম ও ২য় উভয় ব্যাচে প্রশিক্ষণের জন্য মনোনীত করা যাবে না। প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে ২০ জন ইউসিসিএভূক্ত সমবায় সমিতির সদস্য এবং ১০ জন অন্যান্য সমাপ্ত প্রকল্প/কর্মসূচির সদস্য মনোনীত করতে হবে। তবে নবগঠিত উপজেলা সমূহে ইউসিসিএ'র কার্যক্রম শুরু করা না হলে সমাপ্ত কিন্তু কার্যক্রম চলমান প্রকল্প/কর্মসূচির সদস্যদের মনোনীত করা যাবে।

৫) **প্রশিক্ষণের বিষয়ঃ** প্রশিক্ষণের বিষয়ের জন্য এতদসঙ্গে সংযুক্ত মডিউল অনুসরণ করতে হবে। তবে স্থানীয় চাহিদা ভিত্তিতে প্রশিক্ষণের বিষয় অন্তর্ভুক্ত করা যেতে পারে।

৬) **প্রশিক্ষকঃ** প্রশিক্ষনের দিন সংশ্লিষ্ট জেলার উপপরিচালক/উপজেলা নির্বাহী অফিসারকে প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিতি নিশ্চিত করতে হবে। তবে এক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধি/জেলা প্রশাসন/পুলিশ বিভাগ/ সদর দপ্তরের জেলা তদারকি কর্মকর্তার উপস্থিতি গ্রহণযোগ্য। প্রতি ব্যাচ প্রশিক্ষণে বিআরডিবির উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ ১টির বেশী অধিবেশন পরিচালনা করতে পারবে না। অন্যান্য বিষয় ভিত্তিক প্রশিক্ষণের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে জাতি গঠনমূলক অন্যান্য বিভাগের দক্ষ কর্মকর্তাগণ প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন।-

৭) **তদারকিঃ** জেলার উপপরিচালকগণ প্রশিক্ষণের বিষয়টি টেলিফোনে/সরেজমিনে নিবিড়ভাবে তদারকি করবেন এবং পরিদর্শনকালে প্রশিক্ষণ সংক্রান্ত দলিলপত্রাদি পরীক্ষা করবেন।

৮) **ডকুমেন্টেশনঃ** প্রশিক্ষণ শেষে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের হাজিরা (মোবাইল ফোন নম্বরসহ), সম্মানী প্রদানের মাস্টাররোল, যাবতীয় ব্যয়ের ভাউচার, ব্যানারসহ প্রশিক্ষণার্থীদের ছবি সংরক্ষণ করতে হবে।